গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ মটর গাড়ী রেজিষ্ট্রেশন ও গাড়ীর ফিটনেস নবায়নকালে TIN এর সত্যতা যাচাই ও যথাসময়ে সঠিক পরিমান অগ্রিম আয়কর আদায় সংক্রান্ত বিষয়ে BRTA ও ব্যাংকসমূহের প্রতিনিধিগণের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

স্থানঃ জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ।
মাধ্যমঃ Zoom Meeting Apps
তারিখঃ ২১/০৭/২০২০ খ্রিস্টাব্দ, মঙ্গলবার।
সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা।

২১ জুলাই, ২০২০ সকাল ১১:৩০ টায় সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম-এঁর সভাপতিত্বে মটর গাড়ী রেজিষ্ট্রেশন ও গাড়ীর ফিটনেস নবায়নকালে TIN এর সত্যতা যাচাই ও যথাসময়ে সঠিক পরিমান অগ্রিম আয়কর আদায় সংক্রান্ত বিষয়ে BRTA ও ব্যাংকসমূহের প্রতিনিধিগণের সাথে একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবৃন্দ, বোর্ডের সিস্টেমস ম্যানেজার, কেন্দ্রীয় কর জরিপ অঞ্চলের কর কমিশনার, BRTA এর চেয়ারম্যান ও কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট ব্যাংকসমূহের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সদস্য (কর জরিপ ও পরিদর্শন) মহোদয়কে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করতে বলেন। অতঃপর সদস্য (কর জরিপ ও পরিদর্শন) জনাব রঞ্জন কুমার ভৌমিক BRTA কর্তৃক মটর গাড়ীর বিপরীতে অগ্রিম আয়কর আহরণ পদ্ধতি নিয়ে আলোচনা করেন এবং কেন্দ্রীয় কর জরিপ অঞ্চলের কর কমিশনার জনাব মোঃ আসাদুজ্জামান কে Zoom Meeting সঞ্চালনা করার জন্য অনুরোধ করেন। Zoom Meeting এ উপস্থিত আলোচকবৃন্দ পর্যায়ক্রমে আলোচনায় অংশগ্রহণ করেন এবং আলোচনা শেষে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ভুয়া টিআইএন ব্যবহার রোধ এবং টিআইএন এর সঠিকতা যাচাই | কেন্দ্রীয় কর জরিপ অঞ্চলের কর কমিশনার তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, BRTA কর্তৃক ভুয়া টিআইএন এর বিপরীতে যেন মটর গাড়ী রেজিষ্ট্রেশন করা না হয়। BRTA এর কর্মকর্তারা এ প্রেক্ষিতে NBR এর website হতে টিআইএন যাচাই করতে অসুবিধার কথা জানান।<br><br>এ পর্যায়ে জনাব মোঃ আলমগীর হোসেন, সদস্য (কর নীতি) জানান যে, BRTA কে প্রতিষ্ঠান হিসাবে একটি ID এবং Password প্রদান করা হলে তার মাধ্যমে BRTA এর কর্মকর্তারা টিআইএন যাচাই সম্পন্ন করতে পারবেন এবং একইসাথে যাচাই প্রক্রিয়াটির অপব্যবহারও রোধ করা সম্ভব হবে।<br><br>জনাব অপূর্ব কান্তি দাস, সদস্য, (কর আপীল ও অব্যাহতি) জাতীয় রাজস্ব বোর্ড বলেন যে, incometax.gov.bd এর website এ third party verification এর মাধ্যমে উপযুক্ত কোন প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ টিআইএন যাচাই এর জন্য ID এবং Pass word বরাদ্দ পেতে পারে। | জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদানকৃত ID এবং Password দ্বারা টিআইএন যাচাই করতে হবে।<br><br>এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের আই টি উইং BRTA এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবেন। | BRTA ও সংশ্লিষ্ট ব্যাংকসমূহ |

চলমান পাতা-২

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | জনাব রঞ্জন কুমার ভৌমিক, সদস্য (কর জরিপ ও পরিদর্শন) জানান যে, ইতোমধ্যে BRTA কে জাতীয় রাজস্ব বোর্ড হতে, টিআইএন যাচাইয়ের জন্য ৯টি ID এবং Password প্রদান করা হয়েছে যা ব্যবহার করে BRTA সহজেই ভূয়া টিআইএন সনাক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।<br><br>জাতীয় রাজস্ব বোর্ডের আই টি উইং এর মাধ্যমে BRTA এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের টিআইএন যাচাই পদ্ধতির উপর প্রশিক্ষণ প্রদানের বিষয়ে এবং এ সংক্রান্ত একটি টেকনিকাল কমিটি গঠনের বিষয়ে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এবং চেয়ারম্যান BRTA গুরুত্ব আরোপ করেন। | | |
| ২. | টেকনিকাল কমিটি গঠন | মটর গাড়ীর অগ্রিম আয়কর জমাদান পদ্ধতি, ভূয়া টিআইএন ব্যবহার রোধ এবং গাড়ীর মালিকের তথ্য আদান প্রদানের জন্য কোন কোন ক্ষেত্রে বিদ্যমান পদ্ধতির উন্নতির প্রয়োজন রয়েছে তা চিহ্নিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের সমন্বয়ে একটি টেকনিক্যাল কমিটি গঠন করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয় অভিমত ব্যক্ত করলে BRTA এর চেয়ারম্যান মহোদয় একমত পোষণ করেন। | জাতীয় রাজস্ব বোর্ড, কেন্দ্রীয় কর জরিপ অঞ্চল, BRTA এবং এনআরবি কর্মাশিয়াল ব্যাংক এর কর্মকর্তাদের সমন্বয়ে একটি টেকনিক্যাল কমিটি গঠিত হবে। (নিম্নোক্ত ছকে কমিটি গঠন করা হলো) | জাতীয় রাজস্ব বোর্ড ও BRTA |

BRTA এর সাথে NBR এর গাড়ী রেজিস্ট্রেশন ও নবায়নকালে TIN যাচাইকরণ এবং একইসাথে গাড়ীর মালিকগণের গাড়ীর ক্রয়মূল্যসহ যাবতীয় তথ্য সহজে আদান প্রদানের জন্য ২১/০৭/২০২০ ইং তারিখের সিদ্ধান্ত অনুযায়ী একটি টেকনিক্যাল কমিটি গঠন।

| ক্র নং | কর্মকর্তার নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) পদবী, কর্মস্থল | কমিটিতে পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শফিকুর রহমান, সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | আহবায়ক | ০১৮২৩৮৮৭৬৬৫ |
| ২। | জনাব মোঃ মহিদুল ইসলাম, যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১, কেন্দ্রীয় কর জরিপ অঞ্চল, ঢাকা। | সদস্য | ০১৭২০৩৪৩৫৬৯ |
| ৩। | জনাব লিংকন রায়, দ্বিতীয় সচিব (তথ্য ব্যবস্থাপনা ও মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য | ০১৮৫২৬৬৬৭২০ |
| ৪। | জনাব শীতাংশু শেখর বিশ্বাস, পরিচালক (অপারেশন), বিআরটিএ, ঢাকা। | সদস্য | ০১৭২১৫০৩৩৯৫ |
| ৫। | জনাব এ এইচ এম আনোয়ার পারভেজ, সিনিয়র কম্পিউটার অপারেটর, বিআরটিএ, ঢাকা। | সদস্য | ০১৭১০৬৩৯৮৯৮ |
| ৬। | জনাব কাজী মোঃ সাফায়েত কবীর, এক্সিকউটিভ ভাইস প্রেসিডেন্ট, এনআরবি কর্মাশিয়াল ব্যাংক লিঃ, ঢাকা। | সদস্য | ০১৮১৯৪৯৯২০১ |
| ৭। | জনাব মোঃ গোলাম মোস্তফা, সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য সচিব | ০১৭১৬৪৭৬৩৫৮ |

চলমান পাতা-৩

কমিটির কার্যপরিধিঃ

১. মটর গাড়ীর অগ্রিম আয়কর জমাদান পদ্ধতি, ভূয়া টিআইএন ব্যবহার রোধ এবং গাড়ীর মালিকের তথ্য আদান প্রদানের মাধ্যমে BRTA এবং NBR এর মধ্যে সমন্বয় ও সহযোগীতার ক্ষেত্রসমূহ চিহ্নিত করে সুপারিশমালা প্রণয়ন করবেন।

২. কমিটি প্রয়োজনে যেকোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবেন।

৩. কমিটি অবিলম্বে এসংক্রান্ত একটি প্রতিবেদন চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড ও চেয়ারম্যান বিআরটিএ মহোদয়গণের নিকট দাখিল করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় ভার্চুয়াল সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/- ২৭/৭/২০২০

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩৭.০৬.৭২.২০২০/৩৩০(২৮)

তারিখঃ ১১ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ
~~২৬~~ ২৭ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি (কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সদস্য (সকল), আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), ঢাকা।
৩। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। কর কমিশনার, কেন্দ্রীয় কর জরিপ অঞ্চল, ঢাকা।
৫-১০। জনাব ............................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে :

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মিজ্ আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৭/৭/২০২০

(রঞ্জন কুমার ভৌমিক)
সদস্য (কর জরীপ ও পরিদর্শন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।